ঝিনাইদহে ২৫ জানুয়ারি শুরু হচ্ছে জাতীয় নজরুল সম্মেলন

ঝিনাইদহে আগামী ২৫ জানুয়ারি শুরু হচ্ছে ৩ দিন ব্যাপী জাতীয় নজরুল সম্মেলন। গতকাল সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এ তথ্য জানান।

‘নজরুলের অপ্রচলিত গানের সুর সংগ্রহ, স্বরলিপি প্রণয়ন, সংরক্ষন, প্রচার এবং নবীন প্রজন্মকে উদ্বুদ্ধকরন শীর্ষক প্রকল্পের আওতায় এ সম্মেলন অনুষ্ঠিত হবে। ২৫ জানুয়ারি সকালে র্যালী ও আলোচনার মাধ্যমে সম্মেলনের উদ্বোধন করবেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

৩ দিন ব্যাপী এ সম্মেলনে আলোচনা সভা, সংগীত পরিবেশনসহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলেও জানান তিনি।

সংবাদ সম্মেলনে জেলা প্রশাসক ছাড়াও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রবিউল ইসলাম ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানসহ সাংস্কৃতিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ইসলাম ধর্ম নিয়ে ফেসবুকে কটুক্তির ঘটনায় স্কুল শিক্ষক আটক

ঝিনাইদহের শৈলকুপায় ইসলাম ধর্ম নিয়ে ফেসবুকে কটুক্তিমূলক পোষ্ট করার ঘটনায় পিন্টু কুমার মজুমদার নামের এক স্কুল শিক্ষককে আটক করেছে পুলিশ।

সে উপজেলার রঘুনন্দনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কুমিড়াদহ গ্রামের চন্ডি প্রশাদ মজুমদারের ছেলে।
জানা যায়, গত বুধবার সকালে নিজের ফেসবুকে ইসলাম ধর্ম ও মুসলিম সম্প্রদায় নিয়ে ধর্মীয় উষ্কানীমূলক স্টাটাস দেয় পিন্টু কুমার মজুমদার।

পরে বিষয়টি জানাজানি হবার পর রাতে উত্তেজনার সৃষ্টি হয়। স্থানীয়রা ওই বাড়িটিতে হামলা চালায়। তারা বিক্ষোভ প্রদর্শন করে।

শৈলকুপা সার্কেলের সহকারী পুলিশ সুপার আরিফুল ইসলাম জানান, বিষয়টি জানার পর কুমিড়াদহ গ্রাম থেকে ওই শিক্ষক পিন্টু কুমার মজুমদারকে আটক করা হয়েছে।

অতিরিক্ত পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তিনি আরো জানান, বর্তমানে ওই এলাকায় পুলিশ, সরকার দলীয় নেতাকর্মী, ছাত্রলীগ ও স্থানীয় গন্যমান্য বক্তিবর্গ উপস্থিত রয়েছে। এখন পরিস্থিতি শান্ত রয়েছে।

এ ঘটনায় আটককৃতের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়েছে। রাতেই ঘটনাস্থল পরিদর্শন করেছেন পুলিশ সুপার হাসানুজ্জামান।

মেপ্র/ইএম

গাংনীতে লোন দেওয়ার নাম করে তিন লক্ষা টাকা নিয়ে লাপাত্তা একটি এনজিও

মেহেরপুরের গাংনীতে পলাশবাড়ি আদর্শ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড এর সাইনবোর্ড ঝুলিয়ে প্রতারণা। চাকুরি দেবার নামে অর্থবানিজ্য। গ্রাহকদের টাকা নিয়ে লাপাত্তা সংস্থার মালিক। দরিদ্র ব্যাক্তিদের কাছ থেকে টাকা উত্তোলনে নিয়োজিত মাঠকর্মীরা দিশেহারা। আত্নগোপনে শাখা ব্যাবস্থাপক। স্বাক্ষরিত সাদা

স্ট্যাম্প নিয়ে মাঠকর্মীদের দেখে নেবার হুমকি অব্যহত মালিক পক্ষের।

জানাগেছে, পালাশ বাড়ি আদর্শ সঞ্চয় ও ঋণদান সমবায় সমতিরি নামে একটি এনজিও সংস্থা (যার গভঃ রেজিঃ নং-০০৫৩৪) । সরকারি কোন প্রকার অনুমোতি বা অনুমোদন না নিয়েই গাংনী পৌর এলাকায় চৌগাছায় একটি পরিত্যাক্ত ঘর ভাড়া নিয়ে সাইনবোর্ড ঝুলিয়ে গ্রাহক সংগ্রহ শুরু করেন।

মাঠ পর্যায়ে কাজ করার লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি দিয়ে ৯ জন মাঠ কর্মী ও একজন শাখা ব্যবস্থাপক নিয়োগ দেয়া হয়। আগ্রহী প্রার্থীদের আকর্ষণীয় বেতনের লোভ দেখিয়ে তাদের কাছ থেকে নেয়া হয় ৫০ টাকা মুল্যের স্বাক্ষরিত একটি সাদা ষ্ট্যাম্প ও দশ হাজার টাকা জামানত। কয়েক জনকে নিয়োগ দেয়া হয় নামে মাত্র। অধিকাংশই আজো নিয়োগ পত্র হাতে পাইনি বলে জানিয়েছেন মাঠকর্মীরা।

নিয়োগ পত্র না দেয়া হলেও সংস্থার নিয়ম অনুযায়ী একমাস আগে থেকেই শুরু হয় গ্রাহক সংগ্রহের কাজ। মাঠকর্মীরা স্বল্প সুদে ঋণ দেবার প্রতিশ্রুতি দিয়ে বিভিন্ন গ্রামে গিয়ে সদস্য ভর্তি শুরু করেন। বর্তমানে সদস্য সংখ্যা ১৬১ জন।

এই ১৬১ জনের কাছ থেকে ভর্তি ফিস বাবদ ৩০ টাকা, অফিস চার্জ ২০ টাকা, পাশবই বাবদ ২০ টাকা জমা নেয়া হয়। ঋণ দেবার কথা বলে ভর্তিকৃত সদস্যদের কাছ সেভিং চার্জ হিসেবে জমা নেয়া হয় ১০ হাজার টাকায় ১ হাজার টাকা। মাঠকর্মীরা তাদের উত্তোলনকৃত টাকা ম্যানেজার মাসুদ রানা’র কাছে জমা দিতেন প্রতিদিন। এভাবে গাংনীর বিভিন্ন গ্রামের দরিদ্র মানুষের কাছ থেকে প্রায় সাড়ে ৩ লাখ টাকা আদায় করেন মাঠকর্মীরা।

মাঠকর্মীদের সাথে কথা বলে জানা গেছে, একমাস যাবত সদস্যদের মাঝে ঋণ দেবার কথা থকলেও সংস্থা কাউকে ঋণ দেয়নি। সদস্যদের কাছ থেকে শুধু টাকা নিয়েই চলেছেন। এ নিয়ে মাঠকর্মীদের মধ্যে সন্দেহের সৃস্টি হয়। ম্যানেজার মাসুদ রানার সাথে শুরু হয় মাঠকর্মীদের বাকবিতন্ডা।

বিষয়টি জানাজানি হলে চৌগাছাস্থ অফিসে গিয়ে দেখা গেছে ভুতুড়ে পরিবেশে ভগ্ন জরাজীর্ণ একটি ঘরে সাইনবোর্ড সর্বোস্ব একটি অফিস। তিনটি টেবিল আর কয়েকটি চেয়ার বসিয়ে সাজানো হয়েছে অফিসের ভিতর। অফিস দেখে মনেই হবেনা এখানে কেউ বসবাস করেন কিংবা অফিস করেছেন।

গত মঙ্গলবার পর্যন্ত জাহিদ হাসান তার সংস্থার মাঠকর্মীদের সাথে যোগাযোগ করলেও বুধবার থেকে তার মোবাইল ফোনটি বন্ধ রেখেছেন। জাহিদ হাসানের সাথে তার মোবাইল ফোনে যোগাযোগ করা হলে মোবাইল ফোনটি বন্ধ পাওয়া গেছে। ফলে বক্তব্য লেখা হয়নি।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, মোটরসাইকেল ও টাকা পুলিশ উদ্ধার করে নিয়ে এসেছে তবে শুক্রবার সংস্থার মালিক এখানে আসবেন। তবে গ্রাহকদের কাছ থেকে আদায়কৃত টাকা ফেরদ দিতে হবে।

গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা জানিয়েছেন উক্ত রেজি নাম্বারে গাংনী উপজেলায় কোন সমবায় সমিতিকে রেজিষ্ট্রেশন দেয়া হয়নি। যে রেজিষ্ট্রেশন নাম্বার সাইনবোর্ডে ব্যাবহার করা হয়েছে তার বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নিলে প্রকৃত ঘটনা উদঘাটন হবে।

এনজিও ফোরামের সভাপতি মোহাম্মদ মোশারফ হোসেন জানান, এরা এক ধরনের প্রতারক। এরা এলাকার দরিদ্র মানুষকে বোকাবানিয়ে শোষণ করে পালিয়ে যায়। এদের বিষয়ে সকলকে সচেতন হওয়া দরকার। সাধারণ সম্পাদক ফিরোজ আহাম্মেদ জানান, প্রায় একমাস ধরে যারা তাদের কার্যক্রম চালাচ্ছেন মানুষকে খোজ খবর নিয়ে মাঠ-পর্যায়ে খোঁজ নিয়ে কাজ করতে হতো। এরা প্রতারণার ফাঁদে ফেলে মানুষের টাকা হাতিয়ে নেবার একটি চক্র। এদের বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নেয়া দরকার। না হলে এখান থেকে পালিয়ে অন্যদের প্রতারিত করবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, পলাশবাড়ি সমবায় সমিতি নামের কোন সংস্থা গাংনীতে আছে বলে আমার জানা নেই। কেউ আমাকে এ ব্যাপারে অবহিত করেনি।
মেপ্র/ আরপি

মেহেরপুর বাকাসস কর্মচারীদের পদবী পরিবর্তনের দাবিতে

কর্মবিরতি অব্যহত

জেলা প্রশাসন সহ মাঠ প্রশাসনে কর্মরত কর্মচারীদের (গ্রেড ১৩-১৬)পদবী পরিবর্তন এবং বেতন গ্রেড উন্নতি করনের দাবিতে বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতি বাকাসস মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ৫ ঘণ্টা কর্মবিরতি পালন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসন চত্বরে এ কর্মবিরতি পালন করা হয়। বাকাসপের মেহেরপুর জেলার নেতা মিজানুর রহমান নিজাম, আফতাব আলী খান, মাসুদ রানা তৌহিদুল ইসলাম, আজগর আলী সহঅন্যান্য কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে মোটরসাইকেলের ধাক্কায় পথচারী নিহত

মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামে মোটর সাইকেলের ধাক্কায় রুহুল কুদ্দুস (৫৫) নামের এক পথচারী নিহত হয়েছেন।

বুধবার দিবাগত রাত ১১টার দিকে এ ঘটনা ঘটে। নিহত রুহুল কুদ্দুস উপজেলার আমদহ গ্রামের রুপচাঁদ আলীর ছেলে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় রুহুল কুদ্দুস আমদহ ইউনিয়ন পরিষদের সামনের একটি দোকান থেকে বাড়ি ফেরার পথে দ্রুতগামী একটি মোটর সাইকেল তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে রুহুল কুদ্দুস রাস্তায় ছিটকে পড়ে মাথায় গুরতর আঘাত পান। স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার চেষ্টা করলে ঘটনাস্থলেই তিনি মারা যান।

মেপ্র/ইএম

গাংনীতে হতদরিদ্রদের ঘর বিত্তবানদের বরাতে

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের গাড়াডোব গ্রামের বিভিন্ন বিত্তবানদেরকে টাকার বিনিময়ে হতদরিদ্রের ঘর করে দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে।

তাছাড়াও কর্মসৃজন প্রকল্পেও অনিয়ম ও স্বজনপ্রীতির অভিযোগ তুলেছে এলাকার ভুক্তোভোগি দরিদ্র শ্রেনীর লোকজন।

এ নিয়ে স্থানীয় আওয়ামী লীগ নেতা মো: ওসমান গনি একাধিকবার উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিতভাবে অভিযোগ ছাড়াও মাসিক আইন শৃংখলা মিটিং বিষয়টি তুলে ধরলেও এ বিষয়ে এখনও কোন ব্যাবস্থা নেওয়া হয়নি।

জানা যায়, হতদরিদ্রদের যাদের জমি আছে কিন্তু ঘর নাই বা ঘর করার সামর্থ্য নাই তাদের জন্য সরকার ঘর বরাদ্দ করেছেন। এই প্রকল্পের আওয়তায় গাড়াডোব গ্রামের মেম্বর ও বিএনপি নেতা ফিরোজ অর্থ ও স্বজন প্রীতির মাধ্যমে হতদরিদ্রদের বঞ্চিত করে বিত্তবান ও তার আত্মীয়দের পাইয়ে দিয়েছেন।

গাড়াডোব গ্রামের বিত্তশালী মৃত আবুল হোসেনের ছেলে ব্যবসায়ী আশরাফুল ইসলাম যার ঐ গ্রামে তেল ও সারের দোকান সহ নিজেস্ব ট্রাক্টর রয়েছে জমিও রয়েছে নিজের নামে। এলাকায় সে বিত্তবান হিসেবে পরিচিত। তার নামে হতদরিদ্রের ঘর বরাদ্দ হওয়ায় এলাকাবাসি ক্ষোভ প্রকাশ করেছেন।

ঐ গ্রামের মাঠপাড়ার আলমের ছেলে আলমগীরকে ঘর দেওয়া হয়েছে। আলমগীরের নিজেস্ব ট্রাক্টর ছিল। তদরিদ্রের ঘর নিজের নামে নেওয়ার জন্য আগে থেকেই ট্রাক্টর বিক্রয় করে দিয়েছেন। অথচ তার বাবা-মা এর নামেও এর আগে বয়স্কভাতা সহ সৌর বিদ্যুৎ দেওয়া হয়েছে। শুধুমাত্র তারা বিএনপি করে বলে রাজনৈতীক বিবেচনা করে বিএনপি নেতা চেয়ারম্যন আখেরুজ্জামান তাকে হতদরিদ্রের ঘর দিয়েছে বলে ক্ষোভ প্রকাশ করে স্থানীয়রা অভিযোগ করেন।

ফিরোজ মেম্বরের চাচাতো ভাই আবুল হোসেন ঐ মহল্লার প্রধান মাতব্বর সে বেশ স্বচ্ছল তাকেও হতদরিদ্রদের ঘর বরাদ্দ দিয়েছে

বলে জানান ওসমান গনি।

এদিকে গাড়াডোব গ্রামবাসিদের একাংশ উপজেলা চেয়ারম্যান এম.এ খালেকের সাথে দেখা করে এ ধরনের অনিয়ম ও আত্মসাতের বিষয়ে জানান।

উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক তাদের আস্বস্ত করেন এবং অনিয়মের বিষয়টি তদন্ত করে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে বলে জানান।

মেপ্র/ইএম

গাংনীর বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা প্রতিবন্ধী বিদ্যালয়ে নিয়োগ বানিজ্যের অভিযোগ

গাংনীর বাঁশবাড়ীয়াতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধী বিদ্যালয়ের সভাপতি আনিচুর জামান লুইচের বিরুদ্ধে নিয়োগ বানিজ্যের অভিযোগ উঠেছে। তার এই নিয়োগ বানিজ্য ও দূনীতির কবল থেকে বিদ্যালয়টিকে বাচানোর জন্য উপজেলা নিবাহী অফিসারের নিকট দূূনীতির কবল থেকে বাঁচানোর জন্য আবেদন করলেন প্রধান শিক্ষক।

গত মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর এ অভিযোগ করেন প্রধান শিক্ষক মোছা: নাজমুন্নাহার (মুক্ত)।

লিখিত অভিযোগ সূত্রে জানা গেছে, বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আনিসুজামান লুইচ, বিভিন্ন সময়ে মোটা অংকের অর্থের বিনিময়ে শিক্ষক-শিক্ষিকা হিসেবে নিয়োগ দিচ্ছেন এবং নিয়োগের কোন কাগজপত্র সঠিকভাবে যাছাই-বাছাই করছে না। সঠিকভাবে সিদ্ধান্ত না নিয়ে প্রধান শিক্ষককে কোন প্রকার না জানিয়ে বিভিন্ন ব্যক্তিকে বিদ্যালয়ে নিয়ে এসে শিক্ষক-শিক্ষিকা বলে চালিয়ে দিচ্ছেন। প্রতিদিন সকাল হলেই একজন করে নতুন শিক্ষকের আগমন ঘটে।

[redacted]

[redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [

জন্য শিক্ষা অফিসারের উপর দায়িত্ব দিয়েছি।

মেপ্র/ইএম

মেহেরপুরের দরবেশপুরে জোড়া খুনের মামলায় আরো এক আসামি আটক

মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামের রোকন ও হাসান নামের দুই চাচাত ভাই হত্যা মামলায় মতিউর রহমান নামের আরো এক আসামিকে আটক করা হয়েছে।

গতকাল বুধবার সকালের দিকে মেহেরপুর সদর থানার এস.আই আহসান হাবীব মতিউর রহমানকে আটক করেন। মতিউর রহমান নতুন দরবেশপুর গ্রামের ওয়াদত আলীর ছেলে।

২০১৯ সালের ১২ সেপ্টেম্বর রাতে মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে রোকন ও তার চাচাত ভাই হাসান কে শোলমারী বিলে মাছ পাহারা দেওয়ার সময় কুপিয়ে নিরর্মম ভাবে হত্যা করা হয়।

ওই ঘটনায় মামলা দায়েরের পর তদন্তকারী কর্মকর্তা মেহেরপুর সদর থানার এস আই আহসান হাবীব মোট ১০ জন আসামিকে আটক করেছেন।

আটক ব্যক্তিদের মধ্যে একাধিক ব্যক্তি আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। ওই মামলার সর্বশেষ আটক মতিউর রহমানকে গতকাল বুধবার বিকেলে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মেপ্র/ইএম

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]